

💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতের সর্বোচ্চ স্থান 'অসীলাহ' রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাতের সর্বোচ্চ স্থান 'অসীলাহ'

জান্নাতের সর্বোচ্চ স্থানের নাম অসীলাহ। যে স্থান সর্বোচ্চ মানুষের প্রাপ্য। আর তিনি হলেন আমাদের নবী মুহাম্মাদ (ﷺ) তিনি বলেন, "মুআযযিনকে আযান দিতে শুনলে তোমরাও ওর মতই বল। অতঃপর আমার উপর দর্মদ পাঠ কর; কেন না, যে ব্যক্তি আমার। উপর একবার দর্মদ পাঠ করে, আল্লাহ এর বিনিময়ে তার উপর দশবার রহমত বর্ষণ করেন। অতঃপর তোমরা আমার জন্য আল্লাহর নিকট 'অসীলাহ' প্রার্থনা কর; কারণ, অসীলাহ' হল জান্নাতের এমন এক সুউচ্চ স্থান, যা আল্লাহর বান্দাদের মধ্যে একটি বান্দার জন্য উপযুক্ত। আর আমি আশা রাখি যে, সেই বান্দা আমিই। সুতরাং যে ব্যক্তি আমার জন্য ঐ 'অসীলাহ' প্রার্থনা করবে, তার জন্য আমার শাফাআত (সুপারিশ) অবধার্য হয়ে যাবে।" (আহমাদ, মুসলিম ৩৮৪নং প্রমুখ, মিশকাত ৬৫৭নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12169

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন